

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
কর্মসংস্থান-০৪ শাখা  
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৮.১১.০৪৮.১৭- ২০৬

তারিখ: ০৮.০৫.২০১৮

বিষয়: ইরাকে ৪৮ (আটচল্লিশ) জন পুরুষ কর্মীর Ok To Board এবং On Arrival ভিসায় কর্মী প্রেরণের অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স সততা এসোসিয়েটস (আরএল-১০৫১) এর আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে ইরাকের SAMA AL IRTQAA General Trading and Cleaning and Subsistence কোম্পানিতে প্রেরণের নিমিত্ত General Worker (Skilled) পদে গত ০৩/০৫/২০১৮ তারিখের ৪৯.০০.০০০০.০৪৮.১১.০৪৮.১৭-১৯১ নং স্মারকে নিয়োগানুমতি প্রদত্ত ৪৮ (আটচল্লিশ) জন কর্মীকে Ok To Board এবং On Arrival ভিসায় বহির্গমন ছাড়পত্র প্রদান ও ফ্লাইট অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

**শর্তাবলী:**

- (ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে ইরাক যাবেন অথবা ইরাক বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধিকে আবশ্যিক ভাবে উপস্থিত থাকতে হবে।
- (খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী ইরাকে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং ইরাকস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- (গ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- (ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য কাগজপত্রের মূলকপি দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- (ঙ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানিতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- (চ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ১,২৯,৫৪০/- (এক লক্ষ উনত্রিশ হাজার পাঁচ শত চল্লিশ) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- (ছ) কর্মীদের প্রত্যেকে ইরাকের বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবহিত হয়ে সোচ্ছায় ইরাক গমন করেছেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকার ও ঘোষণাপত্র দাখিল করতে হবে।
- (জ) চাকরির শর্তাবলী ইরাকের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- (ঝ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- (ঞ) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- (ট) মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের সত্যায়নের বিষয়টি সতর্ক পরীক্ষা করবে।
- (ঠ) ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন।

স্বাঃ  
(ড. মাসুমা পারভীন)  
উপসচিব

ফোন: ৫৫১৩৮০৮০

ই-মেইল: sasemployment4@probashi.gov.bd

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৮৯/২, কাকরাইল, ঢাকা।

নং-৪৯.০০.০০০০.০৪৮.১১.০৪৮.১৭-২০৬

তারিখ: ০৮.০৫.২০১৮

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ০১। যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, বাগদাদ, ইরাক।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৬। সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০৭। ব্যবস্থাপনা অংশীদার, মেসার্স সততা এসোসিয়েটস (আরএল-১০৫১, জাহান ভবন (৭ম তলা), এইচ-৮, নিউ এয়ারপোর্ট রোড, কাকলী, ঢাকা।
- ০৮। অফিস কপি।

(ড. মাসুমা পারভীন)  
উপসচিব